দৈনিক
ইনকিলাব

তারিখ ..... 7 SEP 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ......

# শিক্ষামন্ত্রীর সাথে এডেক্সেল ম্যানেজারের সাক্ষাৎ

স্টাফ রিপোর্টার : ইউকে সরকার অনুমোদিত শিক্ষা বোর্ড 'এডেক্সেল'-এর ইন্টারন্যাশনাল বিজনেস ম্যানেজার ড. ডেভিড ডেভিস গতকাল শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে তার অফিস কক্ষে সাক্ষাৎ করেন। ড. ডেভিস দক্ষ মানবসম্পদ উন্নয়নে বাংলাদেশের কারিগরি ও ভোকেশনাল শিক্ষার আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে চলমান পাঠ্যক্রমের মানোন্নয়ন, মাধ্যমিক স্তরের শিক্ষকদের প্রশিক্ষণ, ইংরেজী ভাষায় দক্ষতা উন্নয়নে ছাত্র-শিক্ষক প্রশিক্ষণ ও বইসহ শিক্ষা উপকরণ সরবরাহ বিষয়ে সহযোগিতা প্রদানের প্রস্তাব দেন। মন্ত্রী এডেক্সেল কর্তৃপক্ষকে বাংলাদেশের শিক্ষাখাতে সহযোগিতার প্রস্তাব দেয়ায় ধন্যবাদ জানিয়ে বিস্তারিত প্রস্তাব প্রেরণের আহবান জানান। এ সময় কারিগরি অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর নিতাই চন্দ্র সূত্রধর, এডেক্সেলের কান্ট্রি ডিরেক্টর সাইদুর রহমান, পরমা পাবলিশার্স এন্ড ডিস্ট্রিবিউটর্সের ব্যবস্থাপনা পরিচালক গোলাম মোস্তফা উপস্থিত ছিলেন।